

Foreign Secretary's Visit to Maldives (November 9-10, 2020)

November 06, 2020

বিদেশ সচিবের মালদ্বীপ সফর (নভেম্বর 9-10, 2020)

নভেম্বর 06, 2020

বিদেশ সচিব শ্রী হর্ষবর্ধন শৃঙ্গলা সরকারি সফরে আগামী নভেম্বর 9-10, 2020 মালদ্বীপ যাচ্ছেন। এই সফর দুই দেশের মধ্যে কোভিড-19 -এর কারণে বিঘ্নের পরে ব্যক্তিগতস্তরের প্রথম উচ্চস্তরীয় সফর।

বিদেশ সচিবের রাষ্ট্রপতি মহম্মদ সলেহর সাথে সাক্ষাৎ নির্দিষ্ট করা আছে এবং বিদেশ, প্রতিরক্ষা, অর্থ, আর্থিক বিকাশ, পরিকল্পনা, স্বরাষ্ট্র , পর্যটন এবং যুব ও ক্রীড়া মন্ত্রকের মন্ত্রীদের সাথে স্বতন্ত্রভাবে আলোচনা নির্দিষ্ট রয়েছে। বিদেশ সচিব, স্পিকার মহম্মদ নাশিদের সাথে সাক্ষাৎ করবেন এবং অন্যান্য রাজনৈতিক নেতৃবৃন্দের সাথেও মিলিত হবেন।

ভারতের 'প্রতিবেশিত্ব প্রথম' নীতিতে মালদ্বীপ একটি বিশেষ স্থান অধিকার করে রয়েছে। এই সময়-পরীক্ষিত এবং স্থায়ী সম্পর্ক, সাম্প্রতিক মাসগুলিতে আরও শক্তিশালী এবং গভীর হয়েছে। কোভিড সংকটের সময় ভারতও মালদ্বীপের প্রতি সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে।

বিদেশ সচিব কোভিডোত্তর আর্থিক পুনরুদ্ধারে মালদ্বীপের প্রতি ভারতের সহযোগিতা জারি থাকা সহ দ্বিপাক্ষিক মৈত্রী বন্ধন, দ্বিপাক্ষিক প্রকল্পগুলির অগ্রগতির সামগ্রিক পর্যালোচনা এবং জারি থাকা কোভিড পরিস্থিতি নিয়ে আলোচনা করবেন।

বিদেশ সচিবের এই সফর মালদ্বীপের সাথে ভারতের সম্পর্কযুক্ত থাকার গুরুত্বর সাক্ষ্য বহন করে এবং আশা করা যায় যে দুই দেশের মধ্যে সহযোগিতার গতিবেগ আরও বৃদ্ধি পাবে।

নিউ দিল্লি

নভেম্বর 06, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.